দৈনিক ইত্তেফাক

তারিখ 27 SEP 1995
পৃষ্ঠা ৩ কলাম ২

02

## মহিলা মাদ্রাসার উপবৃত্তির অর্থ আত্মসাতের অভিযোগ

সাতক্ষীরা সংবাদদাতা ॥ কলারোয়া থানার হালিমপুর মহিলা দাখিল মাদ্রাসার সুপার উপবৃত্তির অর্থ প্রদানের আইন-কানুন অগ্রাহ্য করিয়া ৪৭ জন ছাত্রীর উপবৃত্তির অর্থ উঠাইয়া আত্মসাৎ করিয়াছেন বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

মাদ্রাসা সুপার ১৯৯৩ সালে

( ৪র্থ পৃঃ দ্রষ্টব্য )

## মহিলা মাদ্রাসার

(৩য় পৃঃ পর)

এসএসসি পাস বিবাহিতা হালিমপুর গ্রামের ছাদের উদ্দিন খাঁর কন্যা ছাবিনা খাতুন, নাজেম উদ্দিন খাঁর কন্যা রুবিয়া পারভিন, বজলুর রহমানের কন্যা ফিরোজা পারভিন, রেজাউল করিমের স্ত্রী রেখা পারভিন সহ ৪৭ জন ছাত্রীর নামে অবৈধভাবে উপবৃত্তির অর্থ উঠাইয়া আত্মসাৎ করিয়াছেন বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

উপবৃত্তির টাকা প্রদানের ক্ষেত্রে আইন হইতেছে নবম শ্রেণীর ছাত্রী হইতে হইবে, অবিবাহিতা হইতে হইবে, ৭৫ শতাংশের অধিক দিন ক্লাসে উপস্থিত থাকিতে হইবে এবং ৪৫ শতাংশের অধিক নম্বর পাইতে হইবে। তাহা না হইলে সে উপবৃত্তির অর্থ পাইবে না।

এই নিয়মনীতি অমান্য করিয়া হালিমপুর দাখিলা মাদ্রাসার সুপার উপবৃত্তির টাকা উঠাইয়াছেন।

উক্ত ব্যাপারে থানা সেকেণ্ডারী স্কুল এ্যাসিসট্যান্স কর্মকর্তার সহিত যোগাযোগ করিলে তিনি জানান যে, উক্ত বিষয়ে একটি লিখিত অভিযোগ পাওয়া গিয়াছে।